আলমডাঙ্গার রুইথনপুরে স্বজনদের আহাজারিতে দাফন সম্পন্ন

মালয়েশিয়ায় ক্রেন দুর্ঘটনায় নিহত আলমডাঙ্গা উপজেলার সেই যুবক লাল চাঁনের লাশ অবশেষে দেশে ফিরিয়ে এনে দাফন সম্পন্ন করা হয়েছে।

আজ শুক্রবার সকালে চিৎলা ইউনিয়নের রুইথনপুর গ্রামে নিহত যুবকের লাশ বাড়িতে পৌছাই। লাশ আসার খবরে পাশ্ববর্তী কয়েক গ্রামের মানুষ শেষবারের মত নিহত যুবক লাল চাঁনকে দেখতে ভিড় জমায়। বাড়ির উঠানে কফিন বক্স থাকলেও এলাকার মানুষের ঢল থামাতে বাঁশের ব্যারিকেড দেওয়া হয়। এদিন দুপুরে তার বাড়ির পাশের কবরস্থানে হাজারো মুসল্লির অংশগ্রহণে জানাজার নামাজ শেষে দাফন করা হয়েছে।

এর আগে গত ১২ আগস্ট শনিবার দুপুরে মালয়েশিয়ায় নিজ কর্মস্থলে ট্রাক থেকে কন্টেইনার নামাতে গিয়ে ক্রেন ছিড়ে তিনি ঘটনাস্থলেই নিহত হয়।

স্থানীয়রা জানান, গত ৬ মাস পূর্বে পরিবারের সচ্ছলতা ফেরাতে মালয়েশিয়া পাড়ি জমায় যুবক লাল চাঁন (২২)। সে ওই দেশের একটি (চায়না কমিউনিকেশনস কনস্ট্রাকশনস) কোম্পানিতে কাজ করত। গত ১২ আগস্ট শনিবার ক্রেন ছিঁড়ে কন্টেইনার তার উপর পড়ে। এতে ঘটনাস্থলেই সে মারা যায়।

মালয়েশিয়া থেকে টানা ১২দিন পর শুক্রবার মধ্য রাতে হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে তার লাশ এসে পৌছায়। তারা দুই ভাই-বোনের মধ্যে লাল চাঁন ছিল ছোট। তাই তার এমন মৃত্যুর পর থেকে পুরো পরিবার শোকে পাথর হয়ে যায়। লাশ এসে বাড়িতে পৌছানোর পর পরিবারের আহাজারিতে এলাকার পরিবেশ ভারি হয়ে উঠে।

চিৎলা ইউনিয়নের ইউপি সদস্য শাহাজালাল বলেন, জীবিকার তাগিদে গত ৬ মাস আগে মালয়েশিয়ায় পাড়ি জমান। আজ শুক্রবার মধ্যরাতে বিমান যোগে দেশে আসে তার লাশ । জুম্মার নামাজ পর লাল চানের দাফন সম্পন্ন হয়েছে।